



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্রেস বিজ্ঞপ্তি

১৬ ডিসেম্বর ২০২২

### বাউবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত মত বিনিময় সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বাউবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর অগ্রগতি পর্যালোচনা এবং করণীয় সম্পর্কে এক মতবিনিময় সভা ১৫ ডিসেম্বর বৃহস্পতিবার সকাল ১০ টায় গাজীপুরস্থ উপাচার্যের মিটিং হলে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু এবং ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। সভায় সভাপতিত্ব করেন বাউবির রেজিস্ট্রার এবং এপিএ টিম লিডার ড. মহা: শফিকুল আলম।



মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয়ের ডিন, পরিচালক, বিভাগীয় প্রধান, সেবা প্রদান বাস্তবায়ন কমিটি, শুদ্ধাচার কমিটি, ইনোভেশন টিম, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, অভিযোগ প্রতিকার বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট, এপিএ টিম-এর সদস্য, বিভিন্ন স্কুল, বিভাগ, শাখা, সেল, উইং, দপ্তর, কেন্দ্রের এপিএ-এর প্রতিনিধিগণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) অবহিতকরণ, বাউবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (ডিসেম্বর, ২০২২ পর্যন্ত) অগ্রগতি পর্যালোচনা; বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পরবর্তী করণীয়, এপিএ সংক্রান্ত বিভিন্ন মাসিক/ত্রৈমাসিক/ষাণ্মাসিক তথ্য প্রদানের বিষয়ে আলোচনা ও করণীয় সম্পর্কে সুপারিশসহ বিবিধ বিষয় নিয়ে মতবিনিময় করা হয়। মতবিনিময় সভা সঞ্চালনা করেন কাউন্সিল শাখার যুগ্ম পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট নাজনীন আখতার।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)।